

নির্বাচন কমিশন  
বাংলাদেশ  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা

নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১০.১৬-১২৩


তারিখঃ ১১ চৈত্র ১৪২২  
২৫ মার্চ ২০১৬

বিষয় : ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬ এ ভোলা জেলার লালমোহন উপজেলার ১নং বদরপুর ইউনিয়ন পরিষদের স্থগিতকৃত নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় আপিল বিভাগ সিএমপি নং-৪১২/২০১৬-এর বিগত ২১ মার্চ, ২০১৬ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং-২১২৩/২০১৬ এর বিগত ০২ মার্চ, ২০১৬ তারিখের আদেশ ০২ (দুই) সপ্তাহের জন্য স্থগিত করেছেন, সেহেতু এ পর্যায়ে উক্ত স্থগিতাদেশের সময়সীমা মধ্যে ভোলা জেলার লালমোহন উপজেলার ১নং বদরপুর ইউনিয়ন পরিষদের স্থগিতকৃত নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে আইনগত কোন বাধা আছে বলে প্রতীয়মান হয় না মর্মে মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন।

০২। নির্বাচন অনুষ্ঠানের ১দিন আগে মাননীয় উচ্চ আদালতের আদেশের সইমহরী নকল দাখিল করায় নির্বাচন স্থগিত হয়। নির্বাচনের সকল পদ্ধতি সম্পন্ন ছিল। এমতাবস্থায় আগামী ৩১-০৩-২০১৬ইং তারিখের অন্যান্য ইউনিয়নের নির্বাচনের সঙ্গে এই নির্বাচনটি করা যেতে পারে মর্মে নির্দেশনা প্রদান করেছেন।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার প্রেক্ষিতে জেলা নির্বাচন অফিসার এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ আশফাকুর রহমান)  
সহকারী সচিব  
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২  
ফোনঃ ৯১৮০৯২৫

প্রাপক,

- ১। জেলা নির্বাচন অফিসার, ভোলা
- ২। রিটার্নিং অফিসার,.....(সংশ্লিষ্ট)


নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১০.১৬-১২৩

তারিখঃ ১১ চৈত্র ১৪২২  
২৫ মার্চ ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র্যাপিড একশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. কমিশনার, .....(সকল বিভাগ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. জেলা প্রশাসক, .....(সংশ্লিষ্ট)
১৪. পুলিশ সুপার, .....(সংশ্লিষ্ট)
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সকল)
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, .....(সকল)
১৯. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২০. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২/জনবল ব্যবস্থাপনা-১ শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. অফিসার-ইন-চার্জ, .....(সংশ্লিষ্ট সকল থানা)

  
 (মোহাম্মদ আশফা কুর রহমান)

সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২